আনন্দবাজার পত্রিকা অনলাইন
২২ জুলাই ২০২৪



# Certificate Course

# ইংরেজি ভাষায় দক্ষতা বৃদ্ধি করতে উদ্যোগী বেথু কলেজ

বেথুন কলেজে চালু করা হল ৩০ ঘন্টার 'কমিউনিকেটিভ' ইংরেজি পাঠক্রম। সম্পূর্ণ বিনামূল্যে স্নাতক এবং স্নাতকোত্তরের ফাই পড়ুয়াদের এই ক্লাস করানো হবে সপ্তাহে এক দিন করে দু'ঘণ্টার জন্য।




বেথুন কলেজের পড়ুয়ারা নিজস্ব চিত্র।

পড়াশোনায় অত্যন্ত মেধাবী হওয়া সত্ত্বেও চাকরির ক্ষেত্রে সে ভাবে সাফল্য অর্জন করতে পারেন না অনেকেই। অনেকেই আবার চাকরি খোঁজার সঠিক পদ্ধতি গুলোও ঠিক মতো জানেন না। কর্মক্ষেত্রে ইংরেজি ভাষায় কথা না বলতে



উদ্যোগী হল উত্তর কলকাতার বেথুন কলেজ।

ADVERTISEMENT



বেথুন কলেজে চালু করা হল ৩০ ঘন্টার ‘কমিউনিকেটিভ’ ইংরেজি পাঠক্রম। সম্পূর্ণ বিনামূল্যে স্নাতক এবং স্নাতকোত্তরের ফাইনাল ইয়ারের পড়ুয়াদের এই ক্লাস করানো হবে সপ্তাহে এক দিন করে দু’ঘণ্টার জন্য।

আরও পড়ুন:



**স্কুলের শিক্ষকতায় অনীহা প্রকাশ চাকরিপ্রার্থীদের**




**স্কুল পড়ুয়াদের ব্যাগের গুণগত মান নিয়ে সতর্ক রাজ্য**

কোর্স কো-অর্ডিনেটর পিয়ালি গুপ্ত বলেন, “এই পাঠক্রমটি হল প্রফেশনাল রেডিনেস। শুধু পড়াশোনা শেখানো নয়, ভবিষ্যতে সেটাকে কাজে লাগিয়ে কী ভাবে রোজগারের পথ সুগম করা যায় সেটাই আমাদের মূল লক্ষ্য।”

ভাষার প্রতি দক্ষতা বৃদ্ধির পাশাপাশি কী ভাবে ছাত্রীরা ইন্টারভিউয়ের জন্য তৈরি হবেন সে বিষয়টাও হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হবে এই পাঠক্রমের মাধ্যমে। এক জন পড়ুয়া কাজের সুযোগ পাওয়ার জন্য নিজের বায়োডাটা কী ভাবে তৈরি করবেন, পাশাপাশি সোশ্যাল মিডিয়া বা বিভিন্ন জব পোর্টাল গুলির মাধ্যমে কী

## আরও পড়ুন



**শতবর্ষে ভারতীয় ‘সাইটোলজির জনক’কে শ্রদ্ধা, তাঁর ঘরে গড়ে উঠ বিশেষ সংগ্রহশালা**






**প্রাথমিক শিক্ষা পর্ষদ**



**জেলায় বসেই আইএএস ও আইপিএস এর প্রশিক্ষণের সুবিধা পড়ুয়াদের**



**আইআইটি খড়্গপুরে ইন্টারভিউয়ের মাধ্যমে কাজের সুযোগ, নিয়োগ পাঁচটি শূন্যপদে**

কেরিয়ার কাউন্সেলিং সেলের কনভেনার শতরূপা বন্দ্যোপাধ্যায় বলেন, “উচ্চশিক্ষা ও চাকরি এই দু’টি বিষয়ের মধ্যে সামঞ্জস্য রাখাই আমাদের মূল উদ্দেশ্য। ছাত্রীদের এমন ভাবে তৈরি করা হবে যাতে তাঁরা উচ্চশিক্ষার পাশাপাশি চাকরির জায়গাতেও নিজেদের সাবলীল ভাবে প্রতিষ্ঠা করতে পারেন।”

অতিথি শিক্ষকের মাধ্যমে এই পাঠক্রমের ক্লাস করানো হয়ে থাকে বেথুন কলেজে। স্নাতক এবং স্নাতকোত্তর মিলিয়ে মোট ৭৮ জন পড়ুয়াকে নিয়ে এই ক্লাস করানো হয়। শুধু বাংলা মাধ্যমের পড়ুয়ারা নয় ইংরেজি মাধ্যমের পড়ুয়ারাও এই পাঠক্রমের প্রতি যথেষ্ট আগ্রহ প্রকাশ করেছেন।

Advertisement

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের **Google News, X (Twitter), Facebook, Youtube, Threads** এবং **Instagram** পেজ)




অন্য বিষয়গুলি: certificate Collage

সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের মাধ্যমগুলি:

Advertisement